# এইচএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা-প্রথম পত্র বিষয় কোড: ২ ৯ ২

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট সৃজনশীল প্রশ্ন পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

১.▶মি: দিলদার এর এক কোটি টাকা আছে। এই টাকা সে কোথাও বিনিয়োগ করতে চায়। বিনিয়োগের জন্য সে নিম্নের দুটি প্রকল্প বিবেচনা করে:

| | প্রত্যাশিত আয়ের হার | সংশ্লিষ্ট ঝুঁকির পরিমাণ |
|---|---|---|
| প্রকল্প A | ১০% | ৭% |
| প্রকল্প B | ১৬% | ১৩% |

ক. ব্যবসায় অর্থায়ন কী? ১

খ. প্রতিষ্ঠান কীভাবে মুনাফা সর্বোচ্চকরণ করে? ব্যাখ্যা কর। ২

গ. মি: দিলদার এর কোন প্রকল্প বিনিয়োগ করা উচিত? ব্যাখ্যা কর। ৩

ঘ. মি: দিলদার উক্ত প্রকল্প মূল্যায়নে অর্থায়নের কোন নীতি অনুসরণ করবে? বিশ্লেষণ কর। ৪

২.▶জে.কে. এন্টারপ্রাইজ সরকারের অনুমোদন ছাড়াই লন্ডনে ৫,০০,০০,০০০ টাকা প্রেরণ করেছে। বিষয়টি সম্পর্কে দুর্নীতি দমন কমিশন অবগত হলে তদন্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে। এমতাবস্থায় প্রতিষ্ঠানটি আর্থিক সংকটে পড়ে এবং ব্যাংক হতে ঋণ গ্রহণ করতে গিয়ে ব্যর্থ হয়।

ক. মুদ্রা বাজার কাকে বলে? ১

খ. মূলধন বাজারের প্রকৃতি ব্যাখ্যা কর। ২

গ. সরকারের অনুমোদন ছাড়া লন্ডনে অর্থ প্রেরণের ফলে জে.কে. এন্টার প্রাইজ এর কোন আইন লংঘন হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. জে.কে. এন্টার প্রাইজ কী আইন সম্মতভাবে ব্যাংক ঋণ পাওয়ার অধিকারী? ব্যাখ্যা কর। ৪

৩.▶জনাব নাফিসের ছেলের পড়াশোনার খরচ বাবদ আগামী ৫ বছর প্রত্যেক বছর ১,০০,০০০ টাকা প্রয়োজন। একটি বিমা কোম্পানি এই অর্থ প্রদান করতে রাজি হয়েছে। বিমা কোম্পানি সুদের হার ১২%। নাফিস এর ছোট ভাই নাভেদ ৫ বছর পর ৪০,০০০ টাকা পাওয়ার আশায় বর্তমানে কিছু টাকা ব্যাংকে জমিয়ে রাখতে চায়। সোনালী ব্যাংক নাভেদকে বার্ষিক ১০% হারে সুদ প্রদানের প্রস্তাব দিয়েছে এবং জনতা ব্যাংক ৯.৫% হারে মাসিক চক্রবৃদ্ধির প্রস্তাব দিয়েছে। এ অবস্থায় নাভেদ কোন ব্যাংকে টাকা জমা রাখবে তা নিয়ে সিদ্ধান্তহীনতায় ভুগছে।

ক. বর্তমান মূল্য কাকে বলে? ১

খ. চক্রবৃদ্ধির সংখ্যা পরিবর্তনের ফলে কার্যকর সুদের হারের উপর কী প্রভাব পড়বে তা ব্যাখ্যা কর। ২

গ. নাফিসকে বিমা কেম্পানিতে বর্তমানে কত টাকা জমা রাখতে হবে? ৩

ঘ. নাভেদের কোন ব্যাংকে টাকা জমা রাখা লাভজনক হবে বলে তুমি মনে কর। ৪

৪.▶XYZ লি.-এর একটি তুলনামূলক উদ্বৃত্তপত্র নিম্নে দেওয়া হলো:

Teachingbd.com

XYZ লি.

তুলনামূলক উদ্বৃত্তপত্র

| সম্পত্তি সমূহ দায় ও শেয়ার হোল্ডারের মূলধন সমূহ | ২০১২ টাকা | ২০১১ টাকা |
|---|---|---|
| সম্পত্তি সমূহ | | |
| নগদ | ৩৮,০০০ | ৪৫,০০০ |
| দেনাদার | ৪৯,৫০০ | ৫২,০০০ |
| মজুদ পণ্য | ১,৬৯,২০০ | ১,৬৩,০০০ |
| জমিজমা | ১,০০,০০০ | ১,৩০,০০০ |
| যন্ত্রপাতি | ৪,২৮,০০০ | ৩,৫৫,০০০ |
| পুঞ্জিভূত অবচয়-যন্ত্রপাতি | (১,০৫,০০০) | (৭৫,০০০) |
| মোট | ৬,৭৯,৭০০ | ৬,৭০,০০০ |
| দায় ও শেয়ার হোল্ডারদের মূলধন: | | |
| পাওনাদার | ৩৫,৭০০ | ৪০,০০০ |
| বন্ড | ২,৫০,০০০ | ৩,০০,০০০ |
| সাধারণ শেয়ার | ২,০০,০০০ | ১,৫০,০০০ |
| সংরক্ষিত আয় | ১,৯৪,০০০ | ১,৮০,০০০ |
| মোট | ৬,৭৯,৭০০ | ৬,৭০,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** ১. ২০১২ সালের নিট মুনাফা ৩৮,০০০ টাকা। ২. নগদ লভ্যাংশ ঘোষণা ও পরিশোধ করা হয়েছিল ২৪,০০০ টাকা। ৩. বহিমূল্য জমি বিক্রি করা হয়েছিল। ৪. যন্ত্রপাতি ক্রয় করা হয়েছিল ৯৫,০০০ টাকার। এছাড়াও ৮,১০০ টাকায় একটি যন্ত্রপাতি বিক্রি করা হয় যার প্রকৃত মূল্য ছিল ২২,০০০ টাকা এবং বহিমূল্য ছিল ১০,০০০ টাকা। ৬. অবচয় ছিল ৪২,০০০ টাকা। ৭. ১ টাকা সমমূল্যের ৫০,০০০ টাকার শেয়ার অভিহিত মূল্যে বন্ডে রূপান্তর করা হয়।

ক. অনগদ খরচ কী ১

খ. বয়েকা খরচের হ্রাস-বৃদ্ধি পরিচালনা নগদ প্রবাহে কী প্রভাব ফেলে তা ব্যাখ্যা কর। ২

গ. পরোক্ষ পদ্ধতির মাধ্যমে XYZ লি.-এর ২০১২ সালের পরিচালনা ও বিনিয়োগ কার্যক্রম থেকে নিট নগদ প্রবাহ নির্ণয় কর ৩

ঘ. উদ্দীপকে উল্লেখিত তথ্যের সাহায্যে ২০১১ সাল থেকে ২০১২ সালে নগদ উদ্বৃত্ত হ্রাসের কারণ বিশ্লেষণ কর। ৪

৫.▶ জনাব জিসান একজন ওষুধ ব্যবসায়ী। তিনি তার ব্যবসায়ের মূলধন জনিত অধিক সংকটের সময় বিভিন্ন উৎস থেকে অর্থ সংগ্রহ করেন। বিভিন্ন উৎসের মধ্যে স্বল্পমেয়াদী উৎস থেকে অর্থ সংগ্রহের প্রতি তার ঝোক বেশি। তাই তিনি তার ব্যবসায়ে মূলধন জনিত আর্থিক সংকট দেখা মাত্রই স্বল্পমেয়াদি উৎস থেকে ঋণ সংস্থান করে থাকেন।

ক. ব্যবসায় প্রতিষ্ঠান কয় ধরনের উৎস থেকে ঋণ সংস্থান করে থাকেন? ১

খ. মধ্যমেয়াদি অর্থায়নের দুটি বৈশিষ্ট্য লিখ। ২

গ. জনাব জিসান এর স্বল্পমেয়াদি অর্থসংস্থানের উৎসের প্রতি ঝোঁক বেশি ছিল কেন? বর্ণনা কর। ৩

ঘ. জনাব জিসানের অর্থসংস্থানের উৎসসমূহ উদ্দীপকের আলোকে চিহ্নিত করে বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

৬. ▶ এবিসি কোম্পানি ২০১৩ সালের ১লা জানুয়ারি তারিখে ১০ বছর মেয়াদি বন্ড ইস্যু করেছে যার লিখিত মূল্য ১০০০ টাকা এবং কুপন রেট ১২% সুদ বার্ষিক ভিত্তিতে প্রদান করা হয় এবং বন্ডের প্রয়োজনীয় আয়ের হার ১৫%।

ক. দীর্ঘমেয়াদী অর্থায়ন কী? ১

খ. জিরো কুপন বন্ড বলতে কী বোঝ? ২

গ. এবিসি কোম্পানি বন্ডের মূল্য কত হবে? ৩

ঘ. বন্ডের প্রয়োজনীয় আয় বৃদ্ধি পেয়ে ১৭% হলে এবং বাজার মূল্য ১২০০ টাকা হলে বন্ডটি ক্রয় কী যৌক্তিক হবে? বিশ্লেষণ কর। ৪

৭. ▶ তাজনির লি.-একটি সাধারণ শেয়ার বর্তমানে বাজারে ২০০ টাকা করে বিক্রি করছে। আগামী বছর কোম্পানি শেয়ার প্রতি ২০ টাকা হারে লভ্যাংশ প্রদান করবে বলে আশা করছে। যা পরবর্তীতে বার্ষিক ৭% হারে বৃদ্ধি পাবে। শেয়ার প্রতি উত্তরণ ব্যয় ৩ টাকা।

ক. অপরিশোধযোগ্য ঋণপত্র কী? ১

খ. 'ইক্যুইটি মূলধন ব্যয়মুক্ত? ব্যাখ্যা কর। ২

গ. তাজনির লি.-এর সংরক্ষিত মুনাফার ব্যয় কত হবে? ৩

ঘ. যদি ব্যক্তিগত আয়কর এর হার ১০% হয় তবে তাজনির লি.-এর সংরক্ষিত মুনাফা ব্যয় এর উপর কী প্রভাব পড়বে বলে তুমি মনে কর। ৪

৮. ▶ মি: আজাদ ক ও খ নামের পরস্পর বর্জনশীল দুটি বিনিয়োগ প্রকল্পের যে কোন একটি প্রকল্পে বিনিয়োগের চিন্তা ভাবনা করছেন। প্রত্যেক প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ ৫০,০০০ টাকা। প্রকল্প দুটির নগদ আন্ত:প্রবাহ নিচে দেওয়া হলো:

| | বছর-১ | বছর-২ | বছর-৩ | বছর-৪ | বছর-৫ |
|---|---|---|---|---|---|
| প্রকল্প-ক | ১৬,৫০০ | ১৫,৫০০ | ২৬,৫০০ | ১৯,৫৬০ | ২০,৭০০ |
| প্রকল্প-খ | ২০,০০০ | ২০,০০০ | ২০,০০০ | ২০,০০০ | ২০,০০০ |

বাটার হার ১৩% আজাদ প্রকল্প দুটি হতে নীট সম্পদ কী পরিমাণ বৃদ্ধি পাবে তা টাকার অংকে নিশ্চিত করতে চান।

ক. আন্ত: আয় হার কী? ১

খ. পরস্পর বর্জনশীল প্রকল্প বলতে কী বোঝায়? ২

গ. প্রকল্প 'ক' এর পে-ব্যাক সময় নির্ণয় কর। ৩

ঘ. মি: আজাদের জন্য বিনিয়োগ সিদ্ধান্ত কী হবে বলে তুমি মনে কর। উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৪

৯. ▶ জনাব জাহাঙ্গীর চামড়ার ব্যবসায় করেন। নদীপথে মালামাল আনা নেয়ার সুবিধার্থে তিনি নদীর পাশেই কারখানাটি স্থাপন করেন। ২০১০ সালে তিনি ব্যবসায়টি শুরু করেন। গত তিন বছরে তার ব্যবসায়ের আয়ের হার যথাক্রমে ২০%, ১০%, ৩০%।

ক. আর্থিক ঝুঁকি কি? ১

খ. দুটি সিকিউরিটির মধ্যে সহ-সম্বন্ধ-১ দ্বারা কী বোঝায়? ২

গ. জনাব জাহাঙ্গীরের ব্যবসায়ের গড় আয় ও ঝুঁকি পরিমাপ কর। ৩

ঘ. গড় আয় ও ঝুঁকি পরিমাপের পর জনাব জাহাঙ্গীরের ব্যবসায়টি কতটুকু গ্রহণযোগ্য বলে তুমি মনে কর? ৪

http://teachingbd.com

# ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা-প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট | পূর্ণমান — ৪০ | বিষয় কোড: ২ ৯ ২

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. **অর্থসংক্রান্ত সকল কার্যক্রমের সমষ্টিকে কী বলে?**
ক) পরিকল্পনা খ) অর্থায়ন
গ) মূলধন বাজেটিং ঘ) তহবিল ব্যবস্থাপনা

২. **বাংলাদেশ ব্যাংক প্রতিষ্ঠার অন্যতম উদ্দেশ্য হচ্ছে—**
ক) মুনাফা অর্জন
খ) বাণিজ্যিকভাবে ঋণ প্রদান
গ) নোট ও মুদ্রা সরবরাহ
ঘ) ক ও খ

**উদ্দীপকটি পড়ো এবং ৩ নং প্রশ্নের উত্তর দাও :**
মুনিরা আজকে এবিসি ব্যাংকে সঞ্চয়ী হিসাবে শতকরা ১০% সুদে ১,০০০ টাকা জমা রেখেছে। মুনিরা জানতে চায় সঞ্চয়ী হিসাবে ৫ বছর পর তার কত টাকা জমা হবে।

৩. **এবিসি ব্যাংক যদি ৬ মাস পর পর সুদ হিসাব করে তাহলে ৫ বছর পর মুনিরার হিসাবে সুদে আসলে কত টাকা জমা হবে?**
ক) ১,২৫০ টাকা খ) ১,৬২৯ টাকা
গ) ১,৮২০ টাকা ঘ) ১,৯১০ টাকা

৪. **একটি প্রতিষ্ঠানের পূর্ণাঙ্গ চিত্র কোথায় থাকে?**
ক) আয়-ব্যয় বিবরণী খ) উদ্বৃত্তপত্র
গ) আর্থিক বিবরণী ঘ) নগদ প্রবাহ বিবরণী

৫. **'৩/১০ নিট ৪০' এর ব্যবসায় ঋণের ব্যয় কত হবে?**
ক) ৩৭.১১% খ) ৩১.৩৩%
গ) ৩২.২২% ঘ) ৩৩.৪৪%

৬. **ফার্মের নিট লাভের যে অংশ লভ্যাংশ হিসেবে শেয়ার মালিকদের কাছে বণ্টন না করে আলাদাভাবে সংরক্ষণ করা হয় তাকে কী বলে?**
ক) সঞ্চিতি তহবিল খ) নিজস্ব তহবিল
গ) অপ্রকাশিত তহবিল ঘ) সংরক্ষিত তহবিল

৭. **XYZ কোম্পানির শেয়ারের বর্তমান বাজার মূল্য ১২০ টাকা। লভ্যাংশ বৃদ্ধির হার ১০%, বছর শেষে প্রত্যাশিত লভ্যাংশ ১৫ টাকা, কোম্পানির সাধারণ শেয়ার মূলধন ব্যয় কত?**
ক) ১৫% খ) ১৭% গ) ২২.৫% ঘ) ২৫%

**উদ্দীপকটি পড়ো এবং ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও।**
আবুল, কালাম, আজাদ তিন ভাই। আবুল তার ডিপার্টমেন্টাল স্টোরের জন্য একটি ফ্রিজ কেনার চিন্তা করছে। কালাম বিভিন্ন রকমের বই কিনে একটি লাইব্রেরি ব্যবসায় শুরু করল। আজাদ একটা ফার্মেসি দিবে বলে অনেক ঔষধ কিনেছে।

৮. **তিন ভাইয়ের বিনিয়োগ সিদ্ধান্ত তাদের ব্যবসায়ের জন্য লাভজনক হবে কি না তা জানতে কোনটি প্রয়োজন?**
ক) ব্যবসায় প্রক্রিয়া খ) মূল্যায়ন প্রক্রিয়া
গ) রক্ষণাবেক্ষণ প্রক্রিয়া ঘ) উৎপাদন প্রক্রিয়া

৯. **তিন ভাইয়ের ব্যবসায়ের জন্য গৃহীত সিদ্ধান্তের ওপর উপযুক্ত মূল্যায়ন প্রক্রিয়া হবে কোনটি?**
ক) মূলধন বাজেটিং খ) লিভারেজ
গ) লভ্যাংশ নীতি ঘ) মূলধন কাঠামো

১০. **বাজার বিটার মান কত?**
ক) ১ খ) ০
গ) -১ ঘ) -১ থেকে ১

১১. **ঝুঁকিমুক্ত সিকিউরিটি কোনটি?**
ক) শেয়ার খ) বন্ড
গ) মিউচুয়াল ফান্ড ঘ) ট্রেজারি বন্ড

১২. **আধুনিক অর্থায়নের যাত্রা শুরু হয়?**
ক) ১৯৫০-১৯৬০ এর দশকে
খ) ১৯৭০-১৯৮০ এর দশকে
গ) ১৯৮০-১৯৯০ এর দশকে
ঘ) ১৯৯০-২০০০ এর দশকে

১৩. **বাণিজ্যিক পত্র কোন বাজারে লেনদেন করা হয়?**
ক) পুঁজি বাজারে খ) মুদ্রা বাজারে
গ) ইক্যুইটি বাজারে ঘ) বন্ড বাজারে

**উদ্দীপকটি পড়ো এবং ১৪-১৬ নং প্রশ্নের উত্তর দাও।**
কাজল তার এক বন্ধুর কাছ থেকে কিছু টাকা ৫ বছরের জন্য ঋণ গ্রহণ করতে চাচ্ছেন। যার শর্ত হিসেবে তার বন্ধুকে এককালীন ১,০০,০০০ টাকা অথবা প্রতি বছর শেষে ২৬,০০০ টাকা প্রদান করতে রাজি আছেন। বর্তমানে বাজার সুদের হার ১৫%।

১৪. **কাজল প্রতি বছর শেষে তার বন্ধুকে ২৬,০০০ টাকা প্রদান করতে চাচ্ছেন। এটি কোন ধরনের নগদ প্রবাহ?**
ক) বার্ষিক নগদ প্রবাহ খ) সাধারণ বার্ষিক বৃত্তি
গ) অগ্রিম বার্ষিক বৃত্তি ঘ) অবিরত বার্ষিক বৃত্তি

১৫. **কাজল প্রতি বছর শেষে ২৬,০০০ টাকা প্রদান করলে তার এই নগদ প্রদানের ভবিষ্যৎ মূল্য কত টাকা হবে?**
ক) ৪৫,৫০০ খ) ১,৪৯,৪০০
গ) ১,৭৫,৩০১.৯১ ঘ) ২,০১,৫৯৭.২০

১৬. **কাজলের বন্ধু সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে যা করতে পারেন—**
i. বার্ষিক বৃত্তির বর্তমান মূল্য নির্ণয় করে সিদ্ধান্ত গ্রহণ করতে পারেন
ii. বার্ষিক বৃত্তির সকল টাকা যোগ করে সিদ্ধান্ত গ্রহণ করতে পারেন
iii. আয়ের হার নির্ণয় করে সিদ্ধান্ত গ্রহণ করতে পারেন
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৭. **মজুদ পণ্যের হ্রাস-বৃদ্ধি কোন ধরনের কার্যাবলি অন্তর্ভুক্ত?**
ক) অনগদ খ) বিনিয়োগ
গ) অর্থায়ন ঘ) পরিচালন

১৮. **স্বল্পমেয়াদি অর্থায়নের প্রাতিষ্ঠানিক উৎস কোনটি?**
ক) ক্রেতা হতে অগ্রিম গ্রহণ
খ) গ্রাম্য মহাজন
গ) বন্ধু-বান্ধব
ঘ) স্বল্পমেয়াদি ব্যাংক ঋণ

১৯. **নগদ আবর্তন নির্ণয়ের সূত্র কোনটি?**
ক) ৩৬০ দিন/ নগদ রূপান্তর চক্র
খ) ৩০ দিন/ গড় পরিশোধকাল
গ) নগদ রূপান্তর চক্র/ ৩৬০ দিন
ঘ) ৩৬০ দিন/ গড় পরিশোধকাল

২০. **IPO-এর পূর্ণরূপ কী?**
ক) International public offer
খ) Initial public offering
গ) Initial public offer
ঘ) Initial private offering

Teachingbd.com

http://teachingbd.com

২১. বিক্রয় সংক্রান্ত খরচ বিক্রয় মূল্যের ওপর কী প্রভাব ফেলে?
ক) প্রকৃত বিক্রয় মূল্য হ্রাস পায়
খ) প্রকৃত বিক্রয় মূল্য বৃদ্ধি পায়
গ) মূলধন স্থির থাকে
ঘ) মূলধন বৃদ্ধি পায়

২২. সাধারণ শেয়ার মূলধনের ব্যয় নির্ণয়ে বিভিন্ন পদ্ধতি ব্যবহার করা হয়। কারণ—
ক) এর বিভিন্ন জটিলতার জন্য
খ) শেয়ারের মালিক সংখ্যা বেশির জন্য
গ) কোম্পানির মুনাফা বৃদ্ধির জন্য
ঘ) কোম্পানির ব্যয় হ্রাসের জন্য

২৩. কখন কোম্পানিকে অতিরিক্ত ব্যয় বহন করতে হয়?
ক) শেয়ার বিক্রি করলে
খ) প্রিমিয়াম গ্রহণ করলে
গ) নতুন শেয়ার ইস্যু করলে
ঘ) বিনিয়োগ হ্রাস করলে

উদ্দীপকটি পড়ো এবং ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও।
মি. রফিক এর নিজস্ব পুঁজি না থাকার কারণে ব্যাংক থেকে ঋণ নিয়ে ব্যবসায় করেন। কিন্তু তার ব্যবসায়টি কাঙ্ক্ষিত মুনাফা অর্জন করতে না পারায় ঋণ পরিশোধে জটিলতা সৃষ্টি হয়।

২৪. মি. রফিক কোন ধরনের ঝুঁকির সম্মুখীন হয়েছেন?
ক) ব্যবসায়িক ঝুঁকি  খ) আর্থিক ঝুঁকি
গ) তারল্য ঝুঁকি  ঘ) ব্যক্তিগত ঝুঁকি

২৫. মি. রফিকের দায় পরিশোধের অক্ষমতার কারণে যেসব ঘটনা ঘটতে পারে—
i. মি. রফিক ঋণ মওকুফের আবেদন করতে পারে
ii. ঋণদানকারী প্রতিষ্ঠানগুলো আইনের আশ্রয় নিতে পারে
iii. মি. রফিক দেউলিয়া ঘোষিত হতে পারে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) i ও iii  গ) ii ও iii  ঘ) i, ii ও iii

২৬. পোর্টফোলিও গঠনের উদ্দেশ্য কী?
ক) ঝুঁকি বৃদ্ধিকরণ  খ) বিনিয়োগের মেয়াদ বৃদ্ধি
গ) মুনাফা হ্রাসকরণ  ঘ) ঝুঁকি সীমিতকরণ

২৭. গড় উপার্জন হার পদ্ধতির উদ্দেশ্য কোনটি?
ক) প্রকল্পের সময়কাল নিরূপণ
খ) প্রকল্পের বিনিয়োগের পরিমাণ নির্ণয়
গ) প্রকল্পের লাভজনকতা নির্ণয়
ঘ) প্রকল্পের খরচ নিরূপণ

উদ্দীপকটি পড়ো এবং ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও।
জেরিন ৮০,০০০ টাকা বিনিয়োগ করে ক্ষুদ্র ব্যবসায় শুরু করতে যাচ্ছেন। আগামী ৪ বছরে ব্যবসায়টি থেকে যে নগদ আন্তঃপ্রবাহ আসবে তার বর্তমান মূল্য ৯২,০০০ টাকা।

২৮. ব্যবসায়টির নিট বর্তমান মূল্য কত?
ক) ১২,০০০ টাকা  খ) ৮০,০০০ টাকা
গ) ৯২,০০০ টাকা  ঘ) ১,৭২,০০০ টাকা

২৯. ব্যবসায়টি শুরু করার প্রস্তাবের বিষয়ে জেরিন কী করবেন?
ক) বর্জন করবেন  খ) কোন সিদ্ধান্ত নিবেন না
গ) গ্রহণ করবেন  ঘ) বিলম্বিত করবেন

৩০. যে ক্ষেত্রে বর্তমান মূল্য ব্যবহৃত হয়—
i. অভ্যন্তরীণ মুনাফার হার নির্ণয়ে
ii. নিট বর্তমান মূল্য নির্ণয়ে
iii. মোট বর্তমান মূল্য নির্ণয়ে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) i ও iii  গ) ii ও iii  ঘ) i, ii ও iii

৩১. বাট্টাকরণ পদ্ধতিতে কী নির্ণয় করা হয়?
ক) ঋণের কিস্তি  খ) সুদ আসল
গ) ভবিষ্যৎ মূল্য  ঘ) বর্তমান মূল্য

৩২. মোট ব্যয় রেখা যে বিন্দুতে মোট বিক্রয় রেখাকে ছেদ করে তাকে কী বলে?
ক) পরিচালনা সমচ্ছেদ বিন্দু
খ) আয়-ব্যয় রেখা
গ) মোট ব্যয় রেখা
ঘ) পরিবর্তনশীল ব্যয় রেখা

উদ্দীপকটি পড়ো এবং ৩৩ ও ৩৪ নং প্রশ্নের উত্তর দাও।
দানেশ তার উৎপাদন কারখানায় ২০০ একক পণ্য ২,০০০ টাকা ব্যয়ে উৎপাদন করেন। বর্তমানে তার পণ্যের চাহিদা বৃদ্ধি পাওয়াতে তিনি সিদ্ধান্ত নেন যে ২৪০ একক পণ্য উৎপাদন করবে যার মোট ব্যয় হবে ২,৪০০ টাকা।

৩৩. দানেশের প্রান্তিক ব্যয়ের পরিমাণ কত?
ক) ১০০  খ) ২০০  গ) ৩০০  ঘ) ৪০০

৩৪. এক্ষেত্রে নির্দিষ্ট পরিমাণ উৎপাদন অপেক্ষা একক উৎপাদনের হ্রাস বা বৃদ্ধিতে মোট ব্যয়ের যে পরিবর্তন হয় তা হলো—
i. উৎপাদন ব্যয়
ii. প্রান্তিক আয়  iii. প্রান্তিক ব্যয়
নিচের কোনটি সঠিক?
ক) ii  খ) iii  গ) i ও iii  ঘ) i, ii ও iii

৩৫. ভবিষ্যৎ মূল্য নির্ধারণে বছরে যদি ১২ বার চক্রবৃদ্ধি হয় সেক্ষেত্রে—
i. সুদের হারকে ১২ দিয়ে ভাগ করতে হবে
ii. মেয়াদকে ১২ দিয়ে ভাগ করতে হবে
iii. মেয়াদকে ৬ দিয়ে ভাগ করতে হবে
নিচের কোনটি সঠিক?
ক) i  খ) ii  গ) i ও ii  ঘ) i, ii ও iii

৩৬. ষন্মাসিক চক্রবৃদ্ধির ক্ষেত্রে m এর মান কত?
ক) ২  খ) ৪  গ) ১২  ঘ) ২৬

৩৭. ভার বা গুরুত্বের সমষ্টি অবশ্যই কত হবে?
ক) শূন্য  খ) এক
গ) এক এর কম  ঘ) এক এর বেশি

৩৮. সিএপিএম নিম্নের কোন দুটি বিষয়ের মধ্যে সম্পর্ক দেখায়?
ক) প্রত্যাশিত আয়ের হার ও মোট ঝুঁকি
খ) প্রত্যাশিত আয় ও পরিহার্য ঝুঁকি
গ) প্রত্যাশিত আয়ের হার ও অপরিহার্য ঝুঁকি
ঘ) প্রত্যাশিত আয় ও আর্থিক ঝুঁকি

৩৯. জিরো কুপন বন্ড—
i. ডিসকাউন্টে বিক্রয় হয়
ii. নির্দিষ্ট মেয়াদ থাকে
iii. অভিহিত মূল্য পরিশোধিত হয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) i ও iii  গ) ii ও iii  ঘ) i, ii ও iii

৪০. কোম্পানির কোনো সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে কারা ভোটাধিকার প্রয়োগ করতে পারে না?
ক) বন্ডহোল্ডাররা
খ) সাধারণ শেয়ারহোল্ডাররা
গ) অগ্রাধিকার শেয়ারহোল্ডাররা
ঘ) মালিক

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | গ | ৩ | খ | ৪ | গ | ৫ | ক | ৬ | ঘ | ৭ | গ | ৮ | খ | ৯ | ক | ১০ | ক | ১১ | ঘ | ১২ | ক | ১৩ | খ | ১৪ | খ | ১৫ | গ | ১৬ | খ | ১৭ | ঘ | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | খ |
| | ২১ | ক | ২২ | ক | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | গ | ২৬ | ঘ | ২৭ | গ | ২৮ | ক | ২৯ | গ | ৩০ | ক | ৩১ | ঘ | ৩২ | ক | ৩৩ | ঘ | ৩৪ | খ | ৩৫ | ক | ৩৬ | ক | ৩৭ | খ | ৩৮ | গ | ৩৯ | ঘ | ৪০ | ক |

Teachingbd.com

http://teachingbd.com